



তারিখ: ১৩/০২/১৮

সংবাদ বিজ্ঞপ্তি

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এন.ইউ'র কর্মসূচি

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আজ ১৩ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ রবিবার সকাল ১১:৩০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে তাঁর অফিস সংলগ্ন কনফারেন্স কক্ষে অফিস প্রধানদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় দিবসটি পালনের জন্য নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করেছে।

২১ শে ফেব্রুয়ারি ২০১৮

- প্রত্যুষে-জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাস, ধানমন্ডিষ্ট্র নগর অফিস ও আঞ্চলিক কেন্দ্রসমূহে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পতাকা অর্ধনমিতকরণ এবং কালো পতাকা উত্তোলন।
- সকাল ৭:০০ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস এম হল ও জগন্নাথ হলের মধ্যবর্তী ভাস্কর্য এলাকায় জমায়েত এবং মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পার্ঘ অর্পণ ও শ্রদ্ধা জ্ঞাপন। একই সময়ে সকল আঞ্চলিক কেন্দ্রের পরিচালক এর নেতৃত্বে স্ব স্ব বিভাগীয় শহরের শহীদ মিনারে এবং গাজীপুর ক্যাম্পাসে জনাব আব্দুল মালেক সরকার উপ-রেজিস্ট্রার ও সচিব কর্তৃক স্মৃতির মিনারে পুষ্পার্ঘ অর্পণ।
- এছাড়াও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি কলেজ/ শিক্ষাপ্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়